

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 11-01-2025**

**Time: 7-35 A.M.**

**বিশেষ বিশেষ খবর -**

১/ মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে ছত্রাক জন্মে যাওয়া স্যালাইন দেওয়ায় প্রসূতির মৃত্যুর অভিযোগ খতিয়ে দেখতে রাজ্য স্বাস্থ্য দপ্তরের এক বিশেষজ্ঞ দল আজ সেখানে যাচ্ছে।

# এই ঘটনায় শুরু হয়েছে রাজনৈতিক চাপান-উতোর।

২/ রাজ্য সরকার, সমবায় ব্যাংকগুলিতে স্বচ্ছতা আনার লক্ষ্যে সন্দেহজনক অ্যাকাউন্ট চিহ্নিতকরণ সহ একাধিক পদক্ষেপ নিয়েছে।

৩/ রাজ্যে ক্ষুদ্র, মাঝারি এবং অতি ক্ষুদ্র শিল্পে দক্ষিণবঙ্গের দুই জেলা বাঁকুড়া ও পুরুলিয়া থেকে দু'হাজার ১০০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে।

৪/ স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উপলক্ষ্যে আগামীকাল 'জাতীয় যুব দিবস'-এ প্রধানমন্ত্রী 'বিকশিত ভারত-ইয়ং লিডার্স ডায়লগ'-এ যোগ দেবেন।

৫/ উত্তরে হাওয়ায় ভ'র করে রাজ্যে তাপমাত্রা নিম্নমুখী।

৬/ ISL ফুটবলে আজ গুয়াহাটিতে মুখোমুখি হবে মোহনবাগান সুপার জায়ান্ট ও ইস্টবেঙ্গল।

\*\*\*\*\*

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে ছত্রাক জন্মে যাওয়া স্যালাইন দেওয়ায় প্রসূতির মৃত্যুর অভিযোগ খতিয়ে দেখতে রাজ্য স্বাস্থ্য দপ্তরের এক বিশেষজ্ঞ দল আজ সেখানে যাচ্ছে। স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগম জানিয়েছেন, সমস্ত কিছু খতিয়ে দেখে তারা রিপোর্ট জমা দেবে। তার ভিত্তিতেই বোঝা যাবে কি কারণে ওই ঘটনা। স্যালাইন থেকেই এই সংক্রমণ হয়েছে, তা' এখনি নিশ্চিত করে বলা যাচ্ছে না। হাসপাতাল কর্তৃপক্ষ যে মেডিকেল বোর্ড গঠন করেছে, তারাও বিষয়টি খতিয়ে দেখছে।

এদিকে, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক সৌম্য শঙ্কর সারেঙ্গী গতকাল ঘটনার পর মেদিনীপুর মেডিকেল কলেজ যান। কথা বলেন হাসপাতালের অধ্যক্ষ মৌসুমী নন্দী ও সুপার জয়ন্ত রাউতের সঙ্গে। অধ্যক্ষ মৌসুমী নন্দী সাংবাদিকদের বলেন- কে কি ওষুধ পেয়েছেন, তা' খতিয়ে দেখা হচ্ছে।

( বাইট- মৌসুমী নন্দী অন প্রসূতি )

আগেই জানানো হয়েছে, হাসপাতালে চিকিৎসাধীন প্রসূতিদের ছত্রাকযুক্ত স্যালাইন দেওয়ায় গতকাল ভোরে মামনি রুইদাস নামে ওই প্রসূতির মৃত্যু হয় বলে অভিযোগ। আরও অন্তত ৭ জন গুরুতর অসুস্থ হয়ে পড়েন। এখন ছড়িয়ে পড়তেই রোগীর পরিবারের লোকেরা চিকিৎসায় গাফিলতির অভিযোগে হাসপাতালে বিক্ষোভ দেখান। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে মোতায়েন করা হয় বিশাল পুলিশ বাহিনী।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, বুধবার রাতে ওই হাসপাতালে সিজার হওয়া একাধিক প্রসূতি গুরুতর অসুস্থ হতে শুরু করেন। পরিস্থিতির অবনতি হওয়ায় তাদের স্থানান্তরিত করা হয় ICU-তে। ভেন্টিলেশনেও দেওয়া হয় তিনজনকে। এদের মধ্যে গড়বেতা থানা এলাকার বাসিন্দা মামনির গতকাল মৃত্যু হয়।

\*\*\*\*\*

এদিকে, ডাক্তারদের সংগঠন সার্ভিস ডক্টর্স ফোরাম এই প্রসূতি মৃত্যুর ঘটনার নিন্দা করেছে। ফোরামের সাধারণ সম্পাদক ডাক্তার সজল বিশ্বাস দাবি করেছেন, প্রশাসন ও সরকারের যোগসাজসেই এই ধরনের ঘটনা।

( বাইট- সজল বিশ্বাস )

ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স-এর তরফে ডাক্তার পূণ্যব্রত গুণ বলেছেন, রাজ্যের সব হাসপাতালে যে নিম্নমানের ওষুধ সরবরাহের মতো দুর্নীতি ছড়িয়ে পড়ছে, এক্ষেত্রে তা-ই প্রমাণিত হল।

এই ঘটনায় শুরু হয়েছে রাজনৈতিক চাপান-উতোর'ও। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন, সরকার ঘনিষ্ঠ কোনো কোম্পানী এই স্যালাইন সরবরাহের পিছনে ছিল। দলের আরেক নেতা শমীক ভট্টাচার্য বলেন-

( বাইট- শমীক )

প্রবীণ কংগ্রেস নেতা অধীর চৌধুরীও বলেছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবা একদমই ভেঙে পড়েছে।

সমালোচনায় সরব হয়েছেন CPIM নেতা সুজন চক্রবর্তীও।

স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য অবশ্য বলেছেন, নিষিদ্ধ ওষুধ ব্যবহার করা হয়েছে কিনা, সে সম্পর্কে তাঁরা খোঁজ খবর নিচ্ছেন।

\*\*\*\*\*

জাতীয় মহিলা কমিশনের এক প্রতিনিধি দল গতকাল উত্তর দিনাজপুর জেলার ডালখোলার লোহাপুঞ্জিতে যান। ওই এলাকায় জমির মালিকানা নিয়ে বিবাদকে ঘিরে এক গর্ভবতী মহিলা সহ একাধিক সদস্যদের উপর হামলা চালানো হয় বলে অভিযোগ। মহিলাদের উপর অত্যাচারের একটি ভিডিও সমাজ মাধ্যমে প্রকাশ করে সরব হন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

ওই ভিডিওর ভিত্তিতেই গতকাল নির্যাতিতাদের সঙ্গে কথা বলেন জাতীয় মহিলা কমিশনের সদস্য অর্চনা মজুমদার। প্রায় দুই ঘন্টা বাড়ির অন্য সদস্যদের পাশাপাশি এলাকাবাসীর সঙ্গেও কথা বলেন কমিশনের প্রতিনিধিরা। তারপর তাঁরা ডালখোলা থানায় গিয়ে সেখানকার আধিকারিকদের সঙ্গেও কথা বলেন।

\*\*\*\*\*

রাজ্য সরকার, সমবায় ব্যাঙ্কগুলিতে স্বচ্ছতা আনা এবং কালো টাকা উদ্ধার করতে একাধিক পদক্ষেপ গ্রহণ করছে। সন্দেহজনক অ্যাকাউন্ট চিহ্নিতকরণ থেকে শুরু করে

কেওয়াইসি বাধ্যতামূলক করা হচ্ছে। পাশাপাশি প্রতিটি সমবায় ব্যাঙ্ক থেকেই সন্দেহজনক অ্যাকাউন্টএর তথ্য চেয়ে পাঠানো হয়েছে।

রাজ্যের পঞ্চায়েতমন্ত্রী প্রদীপ মজুমদার এক বৈঠকে জানিয়েছেন, ১৫ জানুয়ারির মধ্যে সমস্ত তথ্য জমা দিতে হবে। এর মধ্যে থাকছে বড় অঙ্কের লেনদেন, দীর্ঘদিন ধরে নিষ্ক্রিয় থাকা অ্যাকাউন্ট এবং KYC সংক্রান্ত সমস্ত তথ্যই অন্তর্ভুক্ত থাকবে।

\*\*\*\*\*

রাজ্যে ক্ষুদ্র, মাঝারি এবং অতি ক্ষুদ্র শিল্পে দক্ষিণবঙ্গের দুই জেলা বাঁকুড়া ও পুরুলিয়া থেকে দুই হাজার ১০০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে। এর ফলে প্রায় ৪৫ হাজার মানুষের কর্মসংস্থান হবে। বাঁকুড়ার রবীন্দ্রভবনে গতকাল ‘সিনারজি কনক্লেভে’ জেলার প্রায় ছয়শো জন শিল্পদ্যোগী অংশ নেন। সেখানেই তাঁরা এই বিনিয়োগের প্রস্তাব দিয়েছেন বলে সরকারিভাবে জানানো হয়েছে।

এই জেলায় শিল্পের উন্নয়নে গত এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত বিভিন্ন ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোগীকে দু’হাজার ৯০ কোটি টাকা ব্যাংক ঋণ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

তৃণমূল কংগ্রেস, দুই নেতা শান্তনু সেন ও আরাবুল ইসলামকে দল থেকে বহিষ্কার করেছে। রাজ্য সহ সভাপতি জয়প্রকাশ মজুমদার গতকাল সাংবাদিক বৈঠকে বলেন, শৃঙ্খলারক্ষা কমিটির সিদ্ধান্ত মেনে দলবিরোধী কাজের অভিযোগেই দলের প্রাক্তন রাজ্যসভার সাংসদ ও মুখপাত্র শান্তনু সেন এবং প্রাক্তন বিধায়ক আরাবুল ইসলামকে দল থেকে বহিষ্কার করা হয়েছে।

উল্লেখ্য, আর জি কর ইস্যু নিয়ে শান্তনু বাবু প্রকাশ্যে সমালোচনা করেন। অন্যদিকে বর্তমান তৃণমূল কংগ্রেস বিধায়ক শওকত মোল্লার সঙ্গে বিরোধিতার জেরে আরাবুল ইসলামকে নিয়ে বিতর্ক তৈরি হয়।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৯ শে জানুয়ারী আকাশবাণীতে 'মন কি বাত'-অনুষ্ঠানে দেশ এবং বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মন কি বাতের ১১৮-তম পর্ব।

অনুষ্ঠানটি সকাল ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবক'টি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে।

আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃপ্রচারিত হবে।

\*\*\*\*\*

স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উপলক্ষ্যে আগামীকাল 'জাতীয় যুব দিবস'-এ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লির ভারত মন্ডপমে 'বিকশিত ভারত-ইয়ং লিডার্স ডায়লগ'-এ যোগ দেবেন। এর অঙ্গ হিসেবে শ্রী মোদী সারা দেশে ৩'হাজারের'ও বেশী তরুণ নেতাদের সঙ্গে আলাপচারিতায় অংশ নেবেন, তাঁদের সঙ্গে সরাসরি অভিজ্ঞতা ও ভাবধারা বিনিময় করবেন। আপ্যায়িত করবেন মধ্যাহ্নভোজে। প্রধানমন্ত্রী এই উপলক্ষ্যে ১০ টি বিষয়ের ওপর লেখা সেরা প্রবন্ধের একটি সংকলন'ও প্রকাশ করবেন।

এই 'বিকশিত ভারত-ইয়ং লিডার্স ডায়লগ'-এর লক্ষ্য হল- ২৫ বছর ধরে চিরাচরিত প্রথায় চলা জাতীয় যুব উৎসব-কে নতুন আঙ্গিকে রূপান্তরিত করা।

\*\*\*\*\*

গঙ্গাসাগর মেলার আনুষ্ঠানিক সূচনা হয়েছে। জেলাশাসক সুমিত গুপ্তা গতকাল বিকেলে সাগরদ্বীপে পরিবেশ-বান্ধব এই মেলার উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এর আগেই বাবুঘাট থেকে মেলার ভার্চুয়ালি উদ্বোধন করেন।

জেলাশাসক বলেন, প্রশাসন এবার প্লাস্টিক মুক্ত পরিবেশ বান্ধব মেলা গড়তে বদ্ধ পরিকর।

( বাইট- ডি এম দঃ ২৪ পঃ)

মেলায় সমুদ্রতট পরিষ্কার, পরিচ্ছন্ন রাখার জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। মেলায় নিরাপত্তা রক্ষায় জল-স্থল ও আকাশপথে চলবে নজরদারি। সিসিটিভি ও ড্রোনেরও ব্যবস্থা থাকছে। খোলা হয়েছে মেগা কন্ট্রোল রুম।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, মকর সংক্রান্তির পুণ্যস্নান আগামী মঙ্গলবার ১৪ ই জানুয়ারি। কিন্তু তার আগে ইতমধ্যেই সেখানে বহু পুণ্যার্থী সমবেত হয়েছেন।

এদিকে প্রতি বছরের মতো এবছরও মকর সংক্রান্তি উপলক্ষ্যে গঙ্গাসাগর মেলায় ইস্কন গঙ্গাসাগর শাখা কেন্দ্র, তীর্থ যাত্রীদের জন্য সেবা শিবির তৈরি করেছে। আজ থেকে ১৬ই জানুয়ারী পর্যন্ত ৬ দিন এই শিবির চলবে। এবছর লক্ষাধিক তীর্থযাত্রীর জন্য সম্পূর্ণ বিনামূল্যে প্রসাদ দেওয়া হবে। চিকিৎসা শিবিরের পাশাপাশি থাকছে বস্ত্র এবং, গীতা ও ধর্মীয় পুস্তক বিতরণ।

\*\*\*\*\*

উত্তরে হাওয়ায় ভর করে, রাজ্যের তাপমাত্রা আবারো নিম্নমুখী। আগামী কয়েকদিনে তাপমাত্রার পারদ আরো কিছুটা নামতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাস।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস- স্বাভাবিকের তুলনায় যা ১ দশমিক ২ ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা'ও ছিল, ২২ দশমিক ২ ডিগ্রি, স্বাভাবিকের আড়াই ডিগ্রি নিচে।

\*\*\*\*\*

সল্টলেক সেক্টর ফাইভ ও হাওড়া ময়দান করিডরে প্রযুক্তিগত কিছু কাজের জন্যে হাওড়া ময়দান-এসপ্লানেড রুটে পরপর দুটি রবিবার ট্রেন পরিষেবা বন্ধ থাকবে।

আগামী রবিবার ১২ জানুয়ারি ও পরের রবিবার ১৯ তারিখ এই করিডরে কোন ট্রেন চলবে না বলে মেট্রোর তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে।

\*\*\*\*\*

কলকাতার গার্ডেনরিচ জল প্রকল্পে পাইপলাইন সহ অন্যান্য যন্ত্রপাতি সারাই ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য আগামী শনিবার ১৮ জানুয়ারি, কলকাতা পুরসভার সংযোজিত এলাকা সহ দক্ষিণ কলকাতার প্রায় সব অংশেই জল সরবরাহ বন্ধ থাকবে। রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম গতকাল পুরভবনে সাংবাদিকদের বলেন, ১৮ তারিখ সকাল ৯ টা থেকে পরদিন ১৯ জানুয়ারি সকাল ৬ টা পর্যন্ত জল সরবরাহ বন্ধ থাকবে। ছটা'র পর থেকে ফের ওই সব এলাকায় জল সরবরাহ চালু হয়ে যাবে।

( বাইট- ফিরহাদ )

\*\*\*\*\*

খড়াপুর IIT-তে রসায়ন বিভাগের এক জুনিয়র ল্যাব অ্যাসিস্ট্যান্টের বুলন্ত মৃতদেহ উদ্ধারকে ঘিরে গতকাল চাঞ্চল্য ছড়ায়।

সাকির আলি মোল্লা নামে ওই IIT কর্মীর মৃতদেহ উদ্ধার হয় IIT চত্বরে তাঁর কোয়ার্টার থেকেই। মৃতের বাড়ি দক্ষিণ চব্বিশ পরগনার বিষ্ণুপুর থানার সামালি গ্রামে। ২০২২ সালে তিনি চাকরি সূত্রে খড়াপুরে যান।

\*\*\*\*\*

মোহনবাগান সুপারজায়ান্ট ও ইস্টবেঙ্গল আজ ISL ফুটবলের ফিরতি ডার্বি ম্যাচে মুখোমুখি হবে। গুয়াহাটির ইন্দিরা গান্ধী এথলেটিক্স স্টেডিয়ামে খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়।

মোহনবাগান ১৪ ম্যাচে ৩২ পয়েন্ট নিয়ে লিগটেবিলের শীর্ষে রয়েছে। অন্যদিকে, একাদশ স্থানে থাকা ইস্টবেঙ্গলের সমসংখ্যক ম্যাচে সংগৃহীত পয়েন্ট ১৪।

এদিকে, মহামেডান স্পোর্টিং আজ আইএসএলের অন্য ম্যাচে ব্যাঙ্গালুরু এফসির মুখোমুখি হবে। ব্যাঙ্গালুরুর কান্তিরাম স্টেডিয়ামে খেলা শুরু বিকেল পাঁচটায়।

মহামেডান ১৪ ম্যাচে ৭ পয়েন্ট নিয়ে ১৩ দলের লিগ তালিকায় সবশেষে রয়েছে। ব্যাঙ্গালুরু সমসংখ্যক ম্যাচে ২৭ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে আছে।

\*\*\*\*\*